# বিদ্যুৎ বিল নিয়ে লাইভে গালিগালাজ, যুবকের বিরুদ্ধে সন্ত্রাসবিরোধী মামলা



গ্রেপ্তার সিফাত আব্দুল্লাহ। ছবি: ফেসবুক থেকে নেওয়া

বাসায় অতিরিক্ত বিদ্যুৎ বিল আসার অভিযোগ তুলে ফেসবুক লাইভে প্রধানমন্ত্রী ও সরকারের সংশ্লিষ্টদের উদ্দেশে আপত্তিকর ভাষা ব্যবহারের অভিযোগে সিফাত আব্দুল্লাহ (২৫) নামে এক যুবকের বিরুদ্ধে সন্ত্রাসবিরোধী আইনে মামলা করেছে পুলিশ। মামলার পর তাকে আদালতে পাঠানো হয়েছে।

শুক্রবার (৪ সেপ্টেম্বর) দুপুরে গাজীপুরের গাছা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম রাব্বানী বিষয়টি নিশ্চিত করেন।

পুলিশ জানায়, সামাজিক যোগাযোগমাধ্যমে সিফাতের একটি ভিডিও ছড়িয়ে পড়ার পর বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) রাতে তাকে গাজীপুরে তার নিজ বাড়ি থেকে গ্রেপ্তার করা হয়। তিনি আদমজী ক্যান্টনমেন্ট কলেজের শিক্ষার্থী।

ভিডিওতে নিজের বাসার বিদ্যুৎ বিলের কথা তুলে ধরে সিফাত অভিযোগ করেন, গত দুই মাসে তাকে প্রায় ৪ থেকে ৫ হাজার টাকা বিল দিতে হয়েছে। এ সময় তিনি বিএনপি সরকারের সমালোচনা করেন এবং আপত্তিকর ভাষায় প্রধানমন্ত্রী ও সরকারসংশ্লিষ্ট ব্যক্তিদের নিয়ে মন্তব্য করেন বলে অভিযোগ পুলিশের।

এর আগে গাছা থানার ওসি গোলাম রাব্বানী জানিয়েছিলেন, প্রধানমন্ত্রী ও সরকার সম্পর্কে অবমাননাকর মন্তব্য করার অভিযোগেই সিফাতকে গ্রেপ্তার করা হয়েছে।

এদিকে পুলিশের এক কর্মকর্তার বরাত দিয়ে সংবাদমাধ্যম ওয়াদা জানিয়েছে, সিফাত ফ্যাসিবাদী শক্তির সঙ্গে আকস্মিক একটি মিছিল আয়োজনের চেষ্টা করছিলেন বলেও পুলিশের কাছে তথ্য রয়েছে। মামলার প্রক্রিয়া শেষে তাকে আদালতে পাঠানো হয়েছে।